# মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ বিতরণের উপজেলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মনিষা রানী কর্মকার
উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়, মানিকগঞ্জ।
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ, শিবালয়, মানিকগঞ্জ।
সভার তারিখ ও সময় : ১০/০৬/২০২৬খ্রি. সময়: সকাল: ১১.০০ টা
সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক'তে দেখানো হয়েছে।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য সচিব (উপজেলা ক্ষুদ্রঋণ কমিটি) জানান যে, মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের দরখাস্ত আহবান করা হয়। সেই পরিপ্রেক্ষিতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে মোট ১৭ টি আবেদন জমা হয়।

সদস্য সচিব সভায় আরো জানান যে, সরকারি নীতিমালা অনুযায়ী ঋণ বিতরণের তারিখ হতে ০২ মাস গ্রেস পিরিয়ডের পর ১০/২২কিস্তিতে ৫% সার্ভিস চার্জসহ ঋণ আদায় করতে হবে এবং উক্ত সার্ভিস চার্জ আদায়ের ৫০% মুলধনের সাথে ও অবশিষ্ট ৫০% সার্ভিস চার্জ পৃথক সঞ্চয়ী হিসাবে জমা করতে হবে। যাহার দ্বারা উপজেলা কমিটির অনুমোদনক্রমে ঋণ আদায় ও অন্যান্য আনুষাংগিক খরচ মেটানো যায়। সদস্য সচিব সভাকে আরো অবহিত করেন যে, ঋণ গ্রহণকারী উপকারভোগী মহিলাকে ঋণের টাকা চেকের মাধ্যমে বিতরণ করা যেতে পারে। ঋণ গ্রহণকারী ঋণ চুক্তি সম্পাদনের জন্য ৩০০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প সরবরাহ করবে।

সিদ্ধান্তঃ ১। প্রাপ্ত আবেদন পত্রগুলো যাচাই-বাছাই পূর্বক ১৭ জন আবেদনকারীকে ঋণ বিতরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
২। ০১জন ঋণ গ্রহিতাকে ৫০,০০০/- টাকা ০৭ জনকে জনপ্রতি ৪০,০০০/- টাকা ০৭ জনকে জনপ্রতি ২৫,০০০/- টাকা এবং ০২ জনকে ৩০,০০০/-হারে মোট ৫,৬৫,০০০/- (পাঁচ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা ঋণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।
৩। ঋণের টাকা চেকের মাধ্যমে ঋণ গ্রহিতাকে প্রদান করা হবে এবং আগামী ২৯/০৬/২০২৬খ্রি. তারিখ সকাল ১১.০০ টার সময় কমিটির সদস্যদের উপস্থিতিতে চেক বিতরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
ঋণ গ্রহিতাদের তালিকা (সংযুক্ত)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি পুনরায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

28/06/26

মনিষা রানী কর্মকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা ঋণ প্রদান কমিটি
শিবালয়, মানিকগঞ্জ।

স্মারক নং- ৩২.০১.৫৬৭৮.০০০.১৪.০১৯.২৬- ২২০

তারিখ:২৪/০৬/২০২৬খ্রি.

১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মানিকগঞ্জ।
২। সহকারি পরিচালক (ক্ষুদ্রঋণ) মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩। অফিস কপি।

Tuhina 28/06/2026

তুহিনা সুলতানা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
শিবালয়, মানিকগঞ্জ।